ঝিনাইদহে ক্ষুদ্রঋণ অর্থায়নের গতিশীলতা আনয়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

ঝিনাইদহে উপজেলা পর্যায়ে বাস্তবায়িত ক্ষুদ্রঋণ অর্থায়নের গতিশীলতা আনয়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৬ নভেম্বর) সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিকের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক আব্দুল কাদের, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকুসহ অন্যান্যরা। প্রশিক্ষণ শেষে সদর উপজেলার ৩০ জন ক্ষুদ্রঋণ গ্রহিতার মাঝে সনদপত্র বিতরণ করা হয়।